# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 18-03-25** **Time: 7-35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) সংখ্যালঘু সম্প্রদায়ের সামগ্রিক উন্নয়নে রাজ্য সরকার বদ্ধপরিকর বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন।

২) জমি জটের কারণে রাজ্যে মেট্রো সহ রেলের অন্যান্য প্রকল্পের কাজ এগোনো সম্ভব হচ্ছে না বলে অভিযোগ করেছেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব।

৩) রাজ্য সরকার স্ক্রাব টাইফাস এবং লেপ্টোস্পাইরোসিসে আক্রান্তদের পরীক্ষা ও চিকিৎসার জন্য নোডাল কেন্দ্রের সংখ্যা আরও বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।

৪) গঙ্গাসাগর সংলগ্ন এলাকায় কোনো ঐতিহাসিক গুরুত্ব না থাকায় এএসআই-এর আইন মেনে গঙ্গাসাগর মেলাকে হেরিটেজের তকমা দেওয়া যাবে না বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে।

৫) বঙ্গ রঙ্গ মঞ্চের বিশিষ্ট নট নাট্যকার ও পরিচালক হরিমাধব মুখোপাধ্যায় প্রয়াত।

৫) ইস্টবেঙ্গল পি. সেন ট্রফি ক্রিকেটের ফাইনালে উঠেছে।

---

সংখ্যালঘু সম্প্রদায়ের সামগ্রিক উন্নয়নে রাজ্য সরকার বদ্ধপরিকর বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। গতকাল হুগলির ফুরফুরা শরীফে সরকারি উদ্যোগে

আয়োজিত এক ইফতার সমাবেশে অংশ নিয়ে এক্ষেত্রে রাজ্য সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তিনি তুলে ধরেন। ফুরফুরায় নির্মীয়মান পলিটেকনিক কলেজ এবং ১০০ শয্যার হাসপাতাল পীর মহম্মদ আবু বকর সিদ্দিকি আল কুরেশি নামাঙ্কিত করা হবে বলেও মুখ্যমন্ত্রী ঘোষণা করেন। তিনি বলেন, বাংলার মাটি সম্প্রীতির। সবধর্মের উৎসবে সকলকে মিলেমিশে থাকার আহ্বান জানান মুখ্যমন্ত্রী।

বাইট মমতা

ওবিসি সার্টিফিকেট সংক্রান্ত মামলার জন্য রাজ্যে নিয়োগ প্রক্রিয়া থমকে রয়েছে, আইনি জটিলতা মিটে গেলেই ওইসমস্ত পদে নিয়োগ শুরু হবে বলেও জানান মুখ্যমন্ত্রী।

তাঁর ফুরফুরা শরীফে আসার উদ্দেশ্য নিয়ে বিরোধীদের কটাক্ষ এবং এক শ্রেণীর সংবাদমাধ্যমে প্রকাশিত রিপোর্টে হতাশা ব্যক্ত করে মুখ্যমন্ত্রী বলেন, সাম্প্রদায়িক বিভেদে তিনি বিশ্বাসী নন, তাই সব সম্প্রদায়ের উৎসব অনুষ্ঠানেই যোগ দেন।

ফুরফুরা শরীফের পীরজাদারাও মুখ্যমন্ত্রীর সম্প্রীতির বার্তার প্রশংসা করে বলেন, কিছু অশুভশক্তি  রাজ্যে হিন্দু মুসলিম সুসম্পর্কে ফাটল ধরানোর চেষ্টা করছে। এই বিষয়টির দিকে মুখ্যমন্ত্রী বিশেষভাবে নজর রেখেছেন।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও গতকাল ফুরফুরা শরিফের প্রতিষ্ঠাতা আবু বকর সিদ্দিকির প্রয়াণ দিবসে সেখানে গিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা জানান। পশ্চিমবঙ্গের দায়িত্বপ্রাপ্ত এআইসিসরির পর্যবেক্ষক গোলাম আহমেদ মীর, আসাফ আলি খান, অম্বা প্রসাদ প্রমুখও শ্রদ্ধা জ্ঞাপন করেন।

অন্যদিকে, প্রবীণ কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, প্রদেশ কংগ্রেস সভাপতির ফুরফুরা শরিফ যাওয়ার পিছনে কোনো রাজনৈতিক উদ্দেশ্য নেই। তবে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সংখ্যালঘুদের ভোট জেতার লক্ষ্যেই  সেখানে গেছেন।

------------------------

এদিকে, মুখ্যমন্ত্রীর ফুরফুরা শরিফে যাওয়াকে কেন্দ্র কের রাজনৈতিক তরজার দিনই রাজ্যসভায় বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য্য বাংলাদেশের লেখিকা তসলিমা নাসরিনকে বাংলায় ফেরানোর দাবি জানিয়েছেন। গতকাল রাজ্যভায় তিনি বলেন, তসলিমার কাছে কলকাতা প্রাণের শহর। মৌলবাদের কাছে আত্মসমর্পণের দিন শেষ করে তসলিমার প্রত্যাবর্তনের পক্ষে সওয়াল করেন তিনি। নাম না করে ২০০৭ এর নভেম্বর তৎকালীন কগ্রেস নেতা, পরে তৃণমূলের সাংসদ হওয়া প্রয়াত ইদ্রিস আলি এবং বাম সরকারের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন বিজেপি সাংসদ।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর চৌধুরী এবিষয়ে বলেন, নতুন করে এই বিষয় নিয়ে রাজ্যে বিশৃঙ্খলার সৃষ্টির চেষ্টা হচ্ছে।

বাইট অধীর

------------------------

দলীয় শৃঙ্খলা ভঙ্গের দায়ে অভিযুক্ত বিধায়ক হুমায়ুন কবিরকে আজ তৃণমূল কংগ্রেসের পরিষদীয় শৃঙ্খলা রক্ষা কমিটি তলব করেছে। সেখানে ভবিষ্যতে এধরনের আচরণ বা মন্তব্য না করার জন্য ঐ বিধায়ককে চূড়ান্ত হুঁশিয়ারি দেওয়া হবে বলে জানা গেছে। গত কয়েকদিন ধরে বিরোধীদের সম্পর্কে মন্তব্যের জন্য গতকালই শৃঙ্খলা রক্ষা কমিটির প্রধান পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় তাকে শোকজের চিঠি দেন। তবে বিধায়কের জবাবে দল সন্তুষ্ট না হওয়ায় তাকে আজ তলব করা হয়েছে।

------------------------

জমির সমস্যার জন্য রাজ্যে মেট্রো সহ রেলের অন্যান্য প্রকল্পের কাজ এগোনো সম্ভব হচ্ছে না বলে গতকাল রাজ্য সভায় অভিযোগ করেছেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। তিনি বলেন, রাজ্যে রেলের প্রকল্প সম্পূর্ণ করতে যত পরিমাণ জমির প্রয়োজন, তার মধ্যে পাওয়া গেছে মাত্র ২১ শতাংশ। চালু প্রকল্পগুলি সম্পূর্ণ করতে আরও ৭৯ শতাংশ জমির দরকার।

মেট্রো প্রকল্পগুলির দ্রুত রূপায়নের স্বার্থে তিনি রাজ্য প্রশাসনের সহযোগিতা চান।

বাইট অশ্বিনী

তিনি আরও জানান, ২০১৪-এ এনডিএ ক্ষমতায় আসার আগে ৪২ বছরে রাজ্যে মাত্র  ২৮ কিলোমিটার মেট্রো পথ নির্মাণ হয়েছিল। ২০১৪ থেকে ২৫ সালের মধ্যে এই রাজ্যে ৩৮ কিলোমিটার মেট্রোপথ তৈরি হয়েছে।

------------------------

রাজ্য সরকার স্ক্রাব টাইফাস এবং লেপ্টোস্পাইরোসিসে আক্রান্তদের পরীক্ষা ও চিকিৎসার জন্য নোডাল কেন্দ্রের সংখ্যা আরও বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। কলকাতার এস এস কে এম-এর পাশাপাশি ক্যালকাটা স্কুল অফ ট্রপিকাল মেডিসিন এবং উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালকেও এই নোডাল সেন্টার হিসাবে গড়ে তোলা হবে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে। সেন্টারগুলিতে আইজিএম অ্যালাইজা কিট কেনার জন্য বরাদ্দ হয়েছে প্রায় সাড়ে পাঁচ লক্ষ টাকা। এরমধ্যে  এস এস কে এম ও স্কুল অফ ট্রপিকাল মেডিসিনের জন্য বরাদ্দ হয়েছে এক লক্ষ নব্বই হাজার টাকা করে।

উল্লেখ্য, এতদিন এই রোগের চিকিৎসার জন্য একমাত্র ডায়মন্ডহারবার মেডিকেল কলেজ হাসপাতালকেই নোডাল সেন্টার হিসেবে ব্যবহার করা হতো।

-------------------------

দক্ষিণ ২৪ পরগনার গঙ্গাসাগর সংশ্লিষ্ট এলাকার কোন ঐতিহাসিক গুরূত্ব না থাকায় ভারতের পুরাতাত্বিক সরবেক্ষন- এ এস আই এর আইন মেনে তাকে হেরিটেজের তকমা দেওয়া যাবে না বলে কেন্দ্রীয় সরকার জানিয়ে দিয়েছে। লোকসভায় আজ তৃনমূল কংগ্রেস সাংসদ মালা রায় এর এক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং সেখাওয়াত জানান, গঙ্গাসাগর কোনভাবেই এই আইনের ধারায় আসে না। সেই কারনে গঙ্গাসাগরকে জাতীয় মেলা বা হেরিটেজের তকমা দেওয়া নিয়ে কেন্দ্রীয় সরকার কোন চিন্তাভাবনা করছেনা।

উল্লেখ্য গঙ্গাসাগর কে জাতীয় মেলার স্বীকৃতি দেওয়ার দাবিতে রাজ্য সরকার বারেবারেই সরব হয়েছে।

-------------------------

আর জি কর মামলায় তরুণী চিকিৎসকের বাবা মা তাদের আবেদনের শুনানির জন্য কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হতে পারবেন বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে। প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চে গতকাল এই মামলার শুনানির সময়ে শীর্ষ আদালত জানায়, নির্যাতিতার পরিবার নতুন করে আবেদন জানালে হাইকোর্টে তার শুনানি হতে পারে। তবে মূল মামলার শুনানি হবে শীর্ষ আদালতেই।

এই মামলায় পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে ১৩ ই মে। ঐদিনই সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার অবসর নেওয়ার কথা।

নবনিযুক্ত বিচারপতি জয়মাল্য বাগচীও গতকাল তিন বিচারপতির বেঞ্চে ছিলেন।

গতকাল শুনানির শেষে নির্যাতিতার বাবা মা জানান, তারা যা হারিয়েছেন, তা আর ফিরে আসবেনা। আর কোনো বাবা মায়ের সঙ্গে যাতে এমন না হয়, তা নিশ্চিত করতেই তাদের এই লড়াই।

------------------------

উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে এক ডাক্তারি পড়ুয়াকে শোকজ করার প্রতিবাদ জানাতে কলেজের ডিন অনুপম নাথ গুপ্তার সঙ্গে কথা বলতে যাওয়া কয়েকজন ছাত্রকে মারধরের অভিযোগ উঠেছে। গতকাল ঐ পড়ুয়ারা হাসপাতালের প্রিন্সিপাল ডক্টর ইন্দ্রজিত সাহার সঙ্গে দেখা করে ডিনের অপসারণ চেয়ে স্মারকলিপি দেন। ১২ তারিখের ঘটনার পূর্ণাঙ্গ তদন্তেরও দাবি জানান তারা।

উল্লেখ্য, গত ১২ই মার্চের এই ঘটনায় দুপক্ষের মধ্যে হাতাহাতিতে বেশ কয়েকজন পড়ুয়া আহত হন বলে খবর। শোকজ হওয়া ছাত্রদের অভিযোগ, ডিন তাদের কোনো কথা শুনতে চাননি। অপর পক্ষের অভিযোগ, এরা কেলেজে থ্রেট কালচারের সঙ্গে যুক্ত।

------------------------

বাগডোগরা বিমানবন্দর সংলগ্ন এলাকা থেকে বিপুল পরিমাণ ব্রাউন সুগার সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল স্পেশাল অপারেশন গ্রুপ এবং বাগডোগরা থানার পুলিশ হাত বদলের সময় ঐ ব্যক্তিকে ধরে। ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে ৫০৭ গ্রাম ব্রাউন সুগার। ধৃত চমন আলি ইসলামপুরের বাসিন্দা বলে জানা গেছে। আজ তাকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হবে।

------------------------

বঙ্গ রঙ্গ মঞ্চের বিশিষ্ট নট নাট্যকার ও পরিচালক হরিমাধব মুখোপাধ্যায় প্রয়াত। গত রাতে কোলকাতার একটি বেসরকারি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৮৪। কিছুদিন ধরেই তিনি অসুস্থ ছিলেন।

উত্তর বঙ্গের বালুরঘাটের ভূমিপুত্র হরিমাধব বাবু ছয়ের দশকে আরো কয়েকজনের সঙ্গে ত্রিতীর্থ নাট্য দল গঠন করে একের পর এক অবিস্মরণীয় নাট্য প্রযোজনা দর্শকদের উপহার দেন।

তিন বিজ্ঞানী, ভাঙা পট, দেবী গর্জন, গ্যালিলিও, দেবাংশী, জল, তুঘলক, বিছন সহ বহু নাটক কলকাতা তথা রাজ্য ছাড়িয়ে একাধিকবার জাতীয় স্তরে বিদগ্ধ নাট্য দর্শকদের মুগ্ধ করেছে। সঙ্গীত নাটক একাডেমি সহ জাতীয় ও রাজ্য স্তরে অসংখ্য পুরস্কার ও সম্মানে ভুষিত হরিমাধব বাবু কলকাতা থেকে দূরের এক প্রত্যন্ত শহরে থেকে বাংলা তথা দেশের নাট্য দর্শকদের যে নাট্য অভিজ্ঞতার মুখোমুখি দাঁড় করিয়েছেন তা এক কথায় অবিশ্বাস্য। হরিমাধব বাবুর অভিনয় পরিচালনার গুণে ত্রিতীর্থ নাট্য সংস্থার নাম দেশের বাইরেও ছড়িয়ে পড়ে।

হরিমাধব বাবুর প্রয়াণে বাংলার নাট্য মহলে শোকের ছায়া।

------------------------

ঠাকুর শ্রী রামকৃষ্ণদেবের অন্যতম পার্ষদ স্বামী যোগানন্দ মহারাজের ১৬৫ তম জন্ম তিথিতে আজ বেলুড় মঠ, সারদা মঠসহ রামকৃষ্ণ মিশনের সব কেন্দ্র গুলিতেই সকাল থেকে বিশেষ পূজা পাঠের আয়োজন চলছে।

------------------------

ইস্টবেঙ্গল, পি. সেন ট্রফি ক্রিকেটের ফাইনালে উঠেছে। আজ সেমিফাইনালে তারা ৮০ রানে কালীঘাটকে হারিয়ে দেয়।

------------------------- -------------------------